আজকের কাগজ

তারিখ 21 APR 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

192

# শিক্ষক ধর্মঘট : মাধ্যমিক পরীক্ষার্থী ও অভিভাবকদের উদ্বেগ-উৎকণ্ঠা সরকার নির্বিকার

☐ আজ থানা সদরে সমাবেশ বিক্ষোভ।। চূড়ান্ত বিজয় না হওয়া পর্যন্ত ধর্মঘট চলবে

**অঞ্জন রায় :** গতকাল বেসরকারি শিক্ষকদের ধর্মঘটের তৃতীয় দিন অতিবাহিত হয়েছে। কিন্তু ধর্মঘট নিরসনের কোনো লক্ষণই দেখা যাচ্ছে না। শিক্ষকরা চূড়ান্ত বিজয় অর্জিত না হওয়া পর্যন্ত যে কোনো ত্যাগের বিনিময়ে ধর্মঘট অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেছে। তবে শিক্ষামন্ত্রী বলেছেন, ধর্মঘট নিরসনের পদক্ষেপ নেয়া হয়েছে। এ ব্যাপারে শিক্ষা সচিবের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, দ্রুত আলাপ- আলোচনার মাধ্যমে সংকট নিরসনের ব্যাপারে আমি আশাবাদী। তবে আন্দোলনরত শিক্ষক নেতারা আলাপ-আলোচনার কোনো প্রস্তাব পাননি বলে জানিয়েছেন। তারা শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দীন সরকারের অপসারণও দাবি করেছেন। শিক্ষকরা আন্দোলনকে বেগবান করতে আজ ঢাকা মহানগরী ও দেশের থানা সদরগুলোতে সকাল ১০টায় সমাবেশ ও বিক্ষোভ মিছিল এবং ২৪ এপ্রিল কেন্দ্রিয় শহীদ মিনারে সকাল ১০টায় সমাবেশ ও বিক্ষোভ মিছিলের কর্মসূচি ঘোষণা করেছে।

শিক্ষকদের আন্দোলনের মুখে গভীর উৎকণ্ঠায় আছে এদেশের প্রায় ৭ লাখ মাধ্যমিক পরীক্ষার্থী ও তাদের অভিভাবকরা। মাধ্যমিক পরীক্ষা আগামী দুই মে থেকে শুরু হবার কথা। কিন্তু শিক্ষক ধর্মঘটের মুখে তারা অনিশ্চয়তায় পড়েছে। ঢাকা মহানগরী শিক্ষক সংগ্রাম লিয়াজোঁ কমিটির আহবায়ক অধ্যাপিকা হোসনে আরা জানান, আমরা কোনোরকম আশ্বাসে রাজী নই। প্রতিশ্রুতির বাস্তবায়ন চাই। দাবি না মানলে ধর্মঘট অবসানের প্রশ্নই উঠে না।

শিক্ষা মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় কমিটির সভায়ও শিক্ষক ধর্মঘটের ব্যাপারে উদ্বেগ প্রকাশ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, আজ থেকে সংকট নিরসনের জন্যে সরকার পদক্ষেপ নিতে পারে। প্রধানমন্ত্রী নিজেও এ ব্যাপারে বেশ উদ্বিগ্ন।

বিভিন্ন কলেজে ধর্মঘটের তিনদিন অতিক্রান্ত হলেও ঢাকার নটরডেম কলেজে তা শুরু হয়েছে গতকাল থেকে। মতিঝিল আইডিয়াল স্কুল ও কলেজ এবং সেন্ট্রাল উইমেন্স কলেজসহ বেশ কয়েকটি কলেজে ধর্মঘট পালিত হয়নি।